



স্বাস্থ্য প্রতিযোগিতার সেরা দশে আওলাদ রাকিবের 'সেলফ হ্যান্ড'

ব্রিটিশ কাউন্সিল আয়োজিত Active Citizens Covid-19 Response: Social Action Innovation Ideas' competition এ অংশ নিয়ে ইয়ুথ এন্ডিং হান্গারের সিনিয়র ইয়ুথ লিডার এবং একটিভ সিটিজেনস ইয়ুথ লিডার আওলাদ রাকিবের নেতৃত্বে পরিচালিত সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট 'সেলফ হ্যান্ড' প্রথম বাছাইয়ে সেরা দশে উত্তীর্ণ হয়েছে। দ্বিতীয় ধাপের প্রতিযোগিতায় বিজয়ী হওয়ার বিষয়টি নির্ভর করছে ফেসবুকে প্রদত্ত লাইকের উপর। ব্রিটিশ কাউন্সিলের ফেসবুক পেইজের পোস্টে (<https://www.facebook.com/BritishCouncilBangladesh>) লাইক দেওয়ার মাধ্যমে ভোট দেওয়া যাবে। একটি লাইক, একটি ভোট হিসেবে মূল্যায়িত হবে এবং সর্বোচ্চ লাইকের ভিত্তিতে সেরা স্যাপ নির্বাচিত হবে। আগামী ৩০ আগস্ট বিকাল তিনটা পর্যন্ত লাইক দেওয়া যাবে।

বরিশাল মহানগরের ১০ নম্বর ওয়ার্ডের ঘনবসতিপূর্ণ এলাকা ভাটারখাল। এখানেই শুরু হয়েছে এক অনন্য উদ্যোগ 'সেলফ হ্যান্ড'। করোনভাইরাসের আক্রমণ থেকে এলাকাবাসীর সুরক্ষায় ইয়ুথ এন্ডিং হান্গারের সাবেক নেতা এবং একজন নিবেদিত একটিভ সিটিজেনস ইয়ুথ লিডার আওলাদ হোসেন রাকিব পুরনো একটিভ সিটিজেনস ইয়ুথ লিডারদের এলামনাই হিসেবে সংগঠিত করে শুরু করেছেন এই উদ্যোগ।



এলামনাই সদস্যরা এলাকায় 'কোভিড-১৯ এর সংক্রমণ থেকে বাঁচতে করণীয়' শীর্ষক দুইটি মতবিনিময় সভা করেন, যাতে এলাকাবাসীর সাথে ওয়ার্ড কাউন্সিলরও অংশগ্রহণ করেন। এলাকার পরিস্থিতি অনুধাবন এবং করণীয় নির্ধারণের জন্য স্থানীয় তরুণদের অংশগ্রহণে সামাজিক মানচিত্র অঙ্কন করা হয়। মানচিত্র অঙ্কন এবং পরবর্তীতে ঘরে ঘরে জরিপের মাধ্যমে এলাকার মানুষদের সচেতনতা, পেশা, দারিদ্র্য ইত্যাদির তথ্য বেড়িয়ে আসে। দেখা যায়, প্রায় শতভাগ মানুষ করোনভাইরাস সম্পর্কে অসচেতন, ৬৭টি পরিবারের ১০৩ উপার্জনশীল ব্যক্তির প্রায় সকলেই পেশায় দিনমজুর অথবা রিকশাচালক, প্রতিটি পরিবারের আয় দারিদ্র্যসীমার নিচে।

রাকিবদের নেতৃত্বে এলাকার তরুণদের নিয়ে 'সেলফ' এবং একটিভ সিটিজেনসদের নিয়ে 'হ্যান্ড' নামে দুইটি টিম গঠন করা হয়। 'সেলফ' টিম

শুরুতে প্রতিটি পরিবারে কোভিড-১৯ মোকাবেলার জন্য একজন করে 'কোভিড ফাইটার' তৈরি করে, যারা তাদের পরিবারে স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করেন। এই টিম প্রথমত, প্রতিটি বাড়িতে এবং এলাকায় হাত ধোয়া, গ্লাভস পরা, মাস্ক পরা, শারীরিক দূরত্ব বজায় রাখাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সচেতনতা সৃষ্টি করে, যার লক্ষ্য হলো মানুষের অভ্যাস ও আচরণে পরিবর্তন আনা এবং নিজের সুরক্ষার দায়িত্ব নিজে নেওয়া। 'সেলফ' টিম প্রতিদিন জীবগুণাশাক এলাকার বিভিন্ন জায়গায় গুথু ছিটায়। দ্বিতীয়ত, ভাইরাসের লক্ষণ দৃশ্যমান-এমন ব্যক্তিদের পৃথক থাকতে এবং স্বাস্থ্যসেবা পেতে 'হ্যান্ড' টিমকে অবগত করা এবং তৃতীয়ত, এমন ব্যক্তি ও পরিবার, যারা উপার্জনহীন হয়ে খাদ্যসংকটে আছে, তাদের তালিকা প্রণয়ন করে 'হ্যান্ড' টিমের কাছে তালিকা পাঠায়। তালিকায় অগ্রাধিকার পায় নারীপ্রধান পরিবার এবং শিশু ও প্রতিবন্ধী সদস্য রয়েছে-এমন পরিবার।

'হ্যান্ড' টিমের কাজ হচ্ছে পুরো কার্যক্রমটি সমন্বয়করা এবং 'কমিউনিটি ফিলানথ্রপি' অর্থাৎ এলাকার মানুষের সহায়তা নিয়ে অর্থ, খাদ্যদ্রব্য, আইসোলেশনের ব্যবস্থা, স্বাস্থ্য সেবার ব্যবস্থাসহ অন্যান্য অত্যাৱশ্যক সামগ্রী সহায়তা হিসেবে প্রদান করা। 'সেলফ হ্যান্ড'-এর এই উদ্যোগে এখন পর্যন্ত বাটারখাল করোনভাইরাস সংক্রমণ থেকে মুক্ত আছে। 'আমার স্বাস্থ্য, আমার দায়িত্ব'-এই চেতনা থেকে প্রতিটি পরিবারে একজন করে 'কোভিড ফাইটার' কাজ করছেন।

ভাটারখাল এলাকার নারীদেরকে পারিবারিক সহিংসতা থেকে মুক্ত রাখার ব্যাপারে নজরদারি করছেন 'সেল' টিমের সদস্যরা। এছাড়াও



তারা এলাকার মানুষদের জন্য সরকারি সুযোগসুবিধা ও অধিকার বিষয়ে জনগণকে তথ্য দিয়ে সহায়তা করছেন। বিধবাবাতা, বয়স্কভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা যথাযথভাবে বণ্টনের জন্য 'হ্যান্ড' টিম স্থানীয় সরকারের সাথে যোগাযোগ রেখে কাজ করছে। পাশাপাশি তারা অতিদরিদ্র পরিবারের বেকার তরুণদের বিনামূল্যে কারিগরি শিক্ষা গ্রহণের জন্য সহায়তা করছে।

'সেলফ হ্যান্ড' উদ্যোগের মাধ্যমে ৬৭টি পরিবারের জন্য ৬৭ জনকে কাউন্সেলিং-এর মাধ্যমে সচেতন করা হয়েছে, ২০টি পরিবারকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে, অনলাইন স্বাস্থ্যসেবার জন্য প্রতিটি পরিবারে চিকিৎসকদের মোবাইল নম্বর দেওয়া হয়েছে। এলামনাই টিমের সমন্বয়ক আওলাদ হোসেন রাকিবের ব্যক্তিগত উদ্যোগে ৩৬টি পরিবারে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। এই উদ্যোগে যুক্ত আছেন ইয়ুথ এন্ডিং হান্গারের সাবেক নেতা এবং একটিভ সিটিজেন ইয়ুথ লিডার সাইফুল, রাকিব, তানভীর, মেথিন প্রমুখ।



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিম আক্তার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হান্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হান্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org

yeh.thpbd.org | thpbd.org

facebook.com/YEHBD

হেবাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্রুক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

